সংবাদ

তাং 05 SEP 2016
পৃষ্ঠা ৫ কলাম ১

# রোকেয়া বিশ্ববিদ্যালয়ে বুধবার থেকে ঈদের ছুটি শুরু

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে আগামী ৭ সেপ্টেম্বর বুধবার থেকে ঈদুল আজহা উপলক্ষে টানা ১২ দিনের ছুটি শুরু হবে। এই ছুটি চলবে আগামী ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। তবে একাডেমিক কার্যক্রম ৭ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত বন্ধ থাকলেও প্রশাসনিক কার্যক্রম ৮ হতে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত ছুটি থাকবে। গতকাল রোববার সকালে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আলী জানান, পবিত্র ঈদের ছুটি শেষে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম আগামী ১৮ সেপ্টেম্বর এবং একাডেমিক কার্যক্রম আগামী ১৯ সেপ্টেম্বর সোমবার থেকে চালু হবে।